দৈনিক
ইত্তেফাক

12 JAN 20 3
তারিখ ...............
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

# পাবনায় খোলা বাজারে বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম চড়া দামে বিক্রি

পাবনা সংবাদদাতা ॥ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম পাবনায় খোলা বাজারে চড়া দামে বিক্রি হওয়ার অভিযোগ পাওয়া গেছে। একটি সংঘবদ্ধচক্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ থেকে ফরম সংগ্রহ করে স্থানীয় কিছু লাইব্রেরী, কোচিং সেন্টার ও ফোন-ফ্যাক্সের দোকানের মাধ্যমে বিক্রি করছে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরমের নির্ধারিত মূল্য অপেক্ষা দ্বিগুণ-তিনগুণ মূল্যে বিক্রি হচ্ছে। স্থানীয় ছাত্র-ছাত্রীরা অহেতুক ঝামেলা এড়ানোর জন্য চড়া দামেই ফরম ক্রয় করছে।